গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
stft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫-৫৫৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

ফেলোশিপ বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থবছরে দেশে ও বিদেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষায় ফেলোশিপের আবেদন আহবান

বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট-এর আওতায় দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষায় নিম্নেবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে-

- **আবেদন শুরু:** ১৮ নভেম্বর ২০২৫
- **আবেদন শেষ:** ১৮ ফেব্রুয়ারি ২০২৬ (রাত ১১:৫৯)
- **আবেদন পদ্ধতি:** অনলাইনে https://grant.most.gov.bd/en/services/stft/stft-fellowship -এই লিংকে আবেদন করতে হবে।

অধ্যয়ন/গবেষণার বিষয়/ক্ষেত্রসমূহঃ

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেলথ ও প্রিভেনটিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অণুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্লানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, রোবোটিকস ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স।

আবেদনকারীর যোগ্যতাঃ

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি হতে হবে।

২। আবেদন গ্রহণের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস/এমফিল/সমমান কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ (পয়ত্রিশ) বছর ও পিএইচডি কোর্সের ক্ষেত্রে অর্নূধ্ব ৪২ (বিয়াল্লিশ) বছর হতে হবে।

৩। বিদেশে এমএস/এমফিল/সমমান ও পিএইচডি'র এর জন্য "The Times Higher Education" এর সর্বশেষ/আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশের সময়কালীন "World University Rankings" তালিকার কেবলমাত্র ১-৪০০ র‍্যাংকিংধারী বিশ্ববিদ্যালয়সমূহের চূড়ান্ত অফার লেটার প্রাপ্ত প্রার্থীগণ এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

৪। ফেলোশিপের আবেদনের জন্য, আবেদনকারীকে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত নীতিমালায় বর্ণিত কার্যকর/Valid IELTS (Academic)/ TOEFL iBT/ PTE Academic স্কোর অর্জন করতে হবে।

৫। দেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৳২,০০০/- (দুই হাজার টাকা) এবং বিদেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৳৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ট্রাস্টের অনুকূলে অনলাইনে পেমেন্ট করতে হবে।

৬। আবেদনকারীর যোগ্যতা-অযোগ্যতাসমূহ এবং আবেদন জমা প্রদানের পদ্ধতির জন্য ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) অনুসরণ করতে হবে। নীতিমালা ও আবেদনের সাথে সংযুক্তির চেকলিস্ট বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েবসাইটে (www.stft.gov.bd) পাওয়া যাবে।

CamScanner

প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণঃ

সফলভাবে অনলাইনে আবেদনপত্র পূরণের পর আবেদনের প্রিন্ট কপি ও আপলোডকৃত পাসপোর্ট সাইজের ছবির তিন কপিসহ সকল কাগজপত্র (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং সত্যায়িত ছবি ও ফটোকপি'তে প্রত্যয়নকারীর নাম ও পদমর্যাদাসহ অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে) এ-৪ সাইজে স্পাইরাল বাইন্ডিং করতঃ মুখবন্ধ খামে "প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, ১১তম তলা, জাতীয় বিজ্ঞান প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭" ঠিকানায় ২২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখ, অফিস চলাকালীন সময়ের মধ্যে আবশ্যিকভাবে রেজিস্টার্ড ডাক/কুরিয়ার/বাহকের মাধ্যমে পৌঁছাতে হবে। এর ব্যর্থতায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে/ফেলোশিপের জন্য বিবেচিত হবে না।

বিবিধঃ

(ক) ফেলোশিপ সংক্রান্ত যে কোন বিষয়ে ফেলোশিপ নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) প্রযোজ্য হবে।

(খ) আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট সাইটে (https://support.most.gov.bd/en/login) টিকিট তৈরি করুন অথবা নির্ধারিত নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন।

মোহাম্মদ ইফতেখার হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

তারিখঃ ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

স্মারক নং- কুড়িকৃবি/রেজি.দপ্তর/শিক্ষা ও বৃত্তি-৫৯/২০২৪/৯০

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ডিন, কৃষি/মৎস্য অনুষদ, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
২. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৩. অর্থ ও হিসাব বিভাগ, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।
৪. আইসিটি সেল, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।
৭. নোটিশ বোর্ড।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

০৫/০১/২০২৬
মোঃ সাদেকুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

CamScanner